

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

BANGLADESH WATER DEVELOPMENT BOARD



তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর) এর কার্যালয়  
মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো,  
পানি ভবন, ২য় তলা (লেভেল-১, ব্লক-বি)  
৭২ গ্রীন রোড, ঢাকা-১২১৫।  
ই-মেইলঃ dir.staff.bwdb@gmail.com



www.bwdb.gov.bd

Office of the Superintendent Engineer  
Directorate of Human Resource  
Development, BWDB, Pani Bhavon,  
1st Floor (Level-1, Block-B),  
72 Green Road, Dhaka.  
E-mail : dir.staff.bwdb@gmail.com

স্মারক- ৪২.০১.০০০০.০৩০.১১.০০৮.১৯-১২৯৯

তারিখঃ ১৫ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ  
৩০-১২-২০২০ খ্রিষ্টাব্দ

## দপ্তরাদেশ

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের গুরুত্বপূর্ণ স্থাপনা, KPI, বিভিন্ন দপ্তরের সম্পত্তি ও মালামাল রক্ষার নিমিত্ত আনসার অঙ্গীভূতকরণের লক্ষ্যে বিভিন্ন দপ্তরের প্রস্তাবের যথার্থতা যাচাইয়ের জন্য সরেজমিন পরিদর্শন পূর্বক প্রয়োজনীয় সংখ্যক আনসার অঙ্গীভূতকরণের সুপারিশ প্রণয়নের লক্ষ্যে ২১-০৯-২০২০ তারিখের স্মারক নং-পাউবো/নিরা/নথি ও গোঃ-২৫৯ (৩য় খন্ড)/১১৩ মূলে গঠিত কমিটি বাতিল করতঃ নিম্নরূপ কমিটি পুনর্গঠন করা হলোঃ

ক্রঃ নং	কর্মকর্তার পদবী ও দপ্তর	কমিটিতে পদবী
১।	পরিচালক, নিরাপত্তা পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।	আহবায়ক
২।	সহকারী পরিচালক/সমমানের কর্মকর্তা/উপর্যুক্ত প্রতিনিধি অর্থ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।	সদস্য
৩।	উপ-বিভাগীয় প্রকৌশলী/সহকারী প্রকৌশলী/সহকারী পরিচালক, মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।	সদস্য
৪।	উপ-পরিচালক, নিরাপত্তা পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।	সদস্য-সচিব

### কার্য পরিধিঃ

- (ক) বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের গুরুত্বপূর্ণ স্থাপনা, KPI, বিভিন্ন দপ্তরের সম্পত্তি ও মালামাল রক্ষার জন্য আনসার অঙ্গীভূতকরণের লক্ষ্যে বিভিন্ন দপ্তরের প্রস্তাবের যথার্থতা যাচাইয়ের জন্য সরেজমিন পরিদর্শন পূর্বক প্রয়োজনীয় সংখ্যক আনসার অঙ্গীভূতকরণের সুপারিশ প্রণয়ন।
- (খ) দপ্তর বা স্থাপনার আকার-অবস্থান ও গুরুত্ব, নিরাপত্তা ঝুঁকি, প্রয়োজনীয়তা ইত্যাদি বিবেচনা করে প্রয়োজনীয় সংখ্যক আনসার অঙ্গীভূতকরণের লক্ষ্যে (প্রয়োজনবোধে বিধি-বিধানের আলোকে সংশ্লিষ্ট স্থাপনাকে কেপিআই ঘোষণার সুপারিশসহ) প্রতিবেদন প্রণয়ন।
- (গ) বর্তমানে যে সকল দপ্তরে যত সংখ্যক আনসার অঙ্গীভূত করা হচ্ছে/হয়েছে, তা বাস্তবতার নিরীখে বা প্রয়োজনের সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা বা ঐ সকল স্থাপনা/দপ্তরে আনসার হ্রাস/বৃদ্ধির বিষয়ে সুস্পষ্ট সুপারিশ প্রণয়ন।
- ০২। কমিটির উক্ত সুপারিশ/প্রতিবেদন অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) মহোদয়ের নিকট দাখিল করবেন। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) মহোদয় উক্ত প্রতিবেদন মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তরে প্রেরণ/মার্ক করবেন এবং মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর হতে আনসার অঙ্গীভূতকরণের যাবতীয় প্রশাসনিক কার্যক্রম সম্পন্ন হবে। মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর হতে আনসার অঙ্গীভূতকরণের আদেশ জারীর পর স্ব-স্ব দপ্তর অঙ্গীভূতকরণের ব্যবস্থা গ্রহণ করবেন।

মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

মোঃ ওয়াহিদ হোসেন  
তত্ত্বাবধায়ক প্রকৌশলী

মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, পাউবো, ঢাকা।

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী/প্রধান/ নিয়ন্ত্রক.....।
- ২। সচিব/পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক/অতিরিক্ত পরিচালক/অধ্যক্ষ.....।
- ৩। নির্বাহী প্রকৌশলী/উপ-পরিচালক.....।
- ৪। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, প্রধান মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা (দপ্তরাদেশটি বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৬। উপ-পরিচালক/হিসাব রক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, .....
- ৭। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পশ্চিম রিজিয়ন/পূর্ব রিজিয়ন/পরিকল্পনা), বাপাউবো, ঢাকা।
- ৮। জনাব.....।

(মোঃ মতিউর রহমান)

নির্বাহী প্রকৌশলী (নিয়োগ ও পরীক্ষা)

মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, পাউবো, ঢাকা।